দৈনিক বাংলা

তারিখ 01 NOV 1994
পৃষ্ঠা ১ কলাম ৮

# ছাত্রদলের সভা ঃ কাগজসহ শিক্ষা উপকরণের দাম কমানোর দাবি

জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে সোমবার কাগজসহ শিক্ষা উপকরণের মূল্য কমানোর দাবিতে মিছিল বের করা হয়। ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে ডাকসু অফিসের সামনে এক সমাবেশ অনুষ্ঠিত হয়।

সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি মনিরুজ্জামানা মনির, সাংগঠনিক সম্পাদক আবুল খায়ের ভুইয়া, যুগ্ম-সম্পাদক শহীদউদ্দীন চৌধুরী এ্যানী, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি এ বি এম মোশাররফ হোসেন।

ছাত্রদলের ভারপ্রাপ্ত সভাপতি মনিরুজ্জামান মনির অবিলম্বে কাগজসহ শিক্ষা উপকরনের মূল্য কমানোর দাবি জানান। তিনি বলেন, সারা দেশে ছাত্র শিবির শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার সুষ্ঠু পরিবেশ নস্যাৎ করার লক্ষ্যে পরিকল্পিতভাবে হামলা চালাচ্ছে। তারা ইতিমধ্যে চট্টগ্রাম পলিটেকনিকে, খুলনার বি এল কলেজে, খুলনার সিটি কলেজে, কুমিল্লা পলিটেকনিক ইনস্টিটিউটে, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে, মৌলবীবাজার কলেজে, খাগড়াছড়ি কলেজে এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ে

(৫-এর পৃঃ দ্রঃ)

## ছাত্রদলের সভা

(প্রথম পৃষ্ঠার পর)

ছাত্রদলের নেতা-কর্মীদের উপর নৃশংসভাবে হামলা চালিয়ে ছাত্রদলের শতাধিক কর্মীকে মারাত্মকভাবে আহত করেছে, হত্যা করেছে খুলনার ছাত্রনেতা তরুণ, চট্টগ্রামের মিজানসহ ৪জন কর্মীকে। তিনি অবিলম্বে শিবিরের সন্ত্রাসীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্য আইন প্রয়োগকারী সংস্থাকে আহ্বান জানান।

### খুলনায় বিক্ষোভ

নিজস্ব প্রতিনিধি খুলনা থেকে জানান, নিউজ প্রিন্টসহ সকল প্রকার কাগজের মূল্য কমানোর দাবিতে সোমবার শিল্পাঞ্চল খালিশপুরের বিভিন্ন স্কুলের ছাত্ররা এক দীর্ঘ বিক্ষোভ মিছিল বের করে এবং মঙ্গলবার অর্ধ দিবস হরতালের ডাক দেয়। রোববার খালিশপুরে স্কুলছাত্রদের অনুরূপ একটি বিক্ষোভ মিছিল কাগজের দাম কমানোর দাবিতে বের হয় এবং নিউজ প্রিন্ট মিল গেটে এই মিছিলকে ছত্রভঙ্গ করার জন্য পুলিশ লাঠি চার্জ করলে মিজানুর রহমান মিজান (১২) আহত হয়। পুলিশের লাঠি চার্জের প্রতিবাদে ও কাগজের মূল্য কমানোর দাবিতে খালিশপুরে স্কুল ছাত্রদের দীর্ঘ মিছিলটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে ও বিভিন্ন স্লোগান দিতে থাকে। তবে কোন সংঘর্ষ হয়নি বলে পুলিশ সূত্রে জানা গেছে। খালিশপুর থানা জানিয়েছে যে আজ মঙ্গলবার ছাত্ররা অর্ধ-দিবস হরতালের ডাক দিয়েছে।